ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৯০

আগরতলা, ১৪ জুন, ২০২৫

**রাজ্যের উন্নয়নে এনইসি ১৪.২২ কোটি টাকা প্রদান করেছে**

উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন পর্ষদ (এনইসি) চলতি বছরের মে মাসে ত্রিপুরা রাজ্যের বিভিন্ন খাতের উন্নয়নে মোট ১৪,২২,৬৪,৩৬৫ টাকা অর্থ প্রদান করেছে। এই অর্থের মাধ্যমে রাজ্যের পর্যটন, কৃষি, শিল্প, মানবসম্পদ উন্নয়ন, পরিবহণ ও যোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি, সেচ, জল ব্যবস্থাপনা, সংস্কৃতি ও ঐতিহ্যের সংরক্ষণ সহ ১৬টি প্রকল্প বাস্তবায়িত হবে। রাজ্যের বিভিন্ন জেলার প্রকল্পগুলির মধ্যে উল্লেখযোগ্য কিছু হল : খোয়াই জেলার তেলিয়ামুড়া মহকুমার হাওয়াইবাড়ি এবং দক্ষিণ ত্রিপুরা জেলার জেলেফায় শূকর প্রজনন খামার স্থাপনে ১০,৭১,৪৫১ টাকা। আইডেন্টিফায়েড পরিষেবা প্রদান প্রকল্পে ধলাই জেলার গঙ্গানগর আরডি ব্লকে ১,১০,৪৯,৮৬৪ টাকা এবং রইস্যাবাড়ি আরডি ব্লকে ১,৫৪,৪৩,৫৪৩ টাকা। মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পুকুর খনন এবং ক্ষুদ্র জলাশয় সংস্কারে ১,০০,৩৭,৪০০ টাকা। ত্রিপুরা রাজ্যের কৃষকদের জন্য উন্নতমানের বীজ সরবরাহের লক্ষ্যে ৬টি ইন্টিগ্রেটেড বীজ প্রক্রিয়াকরণ প্ল্যান্ট স্থাপনে ২ কোটি টাকা। দুটি আধুনিক কৃষিপণ্য বাজারের পরিকাঠামো উন্নয়নে ৩ কোটি টাকা। ত্রিপুরার ধলাই জেলায় ইন্টিগ্রেটেড প্যাক হাউজ নির্মাণে ৮০ লক্ষ টাকা। ব্রুডার হাউজ ও পোল্ট্রি হ্যাচারি স্থাপনে ১,৫১,০৩,৮৭৪ টাকা। ত্রিপুরা বিবেকানন্দ ত্রিপুরেশ্বরী বিদ্যামন্দির বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণে ৩০ লক্ষ টাকা। এছাড়াও জিআই পণ্যের উপর কর্মশালা, আন্তর্জাতিক রসায়ন সম্মেলন, স্বাস্থ্য অর্থনীতি শীতকালীন স্কুল, সরকারি অর্কিড বাগানে সৌরচালিত সেচ প্রকল্প স্থাপন সহ একাধিক প্রকল্পের জন্যও এই অর্থ বরাদ্দ করা হয়েছে। এনইসি জানিয়েছে, উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এই প্রকল্পগুলির সুষ্ঠু, দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে তহবিল সময়মতো বিতরণ করা হবে। পর্যটন, কৃষি, যোগাযোগ, শিল্প ও মানবসম্পদ খাতে পাশাপাশি ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষার দিকেও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। উল্লেখ্য, উত্তর-পূর্বাঞ্চলীয় উন্নয়ন পর্ষদ (এনইসি) দীর্ঘদিন ধরেই এই অঞ্চলের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। উত্তর-পূর্বাঞ্চলীয় উন্নয়ন পর্ষদ (এনইসি) সচিবালয় থেকে এক প্রেস নোটের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*******